News Bulletin of Khulna University Alumni Association

www.kuaa.org.bd Year : 1 ; Issue : 2 ; January - June 2024

বর্তমান খুলনা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশন (কুআ) কার্যনির্বাহী কমিটি (২০২৩-২০২৬) দায়িত্ব গ্রহণের পর "কর্মপরিকল্পনা প্রণয়ন কমিটি" গঠন করা হয় এবং উক্ত কমিটি কর্তৃক প্রস্তাবিত "ত্রিবার্ষিক কর্মপরিকল্পনা" গৃহীত হয়। "ত্রিবার্ষিক কর্মপরিকল্পনা" অনুযায়ী "সাহিত্য ও প্রকাশনা" কমিটি ছয় মাস অন্তর অন্তর একটি করে নিউজ বুলেটিন প্রকাশের সিদ্ধান্ত গ্রহণ করে এবং এরই প্রেক্ষিতে আমাদের প্রথম নিউজ বুলেটিনটি (জুলাই-ডিসেম্বর ২০২৩ ) প্রকাশিত হয়। এরই ধারাবাহিকতায় নিউজ বুলেটিনের দ্বিতীয় সংখ্যা (জানুয়ারি-জুন ২০২৪) প্রকাশিত হচ্ছে যেখানে খুলনা বিশ্ববিদ্যালয় (খুবি) এর অ্যালামনাই বৃন্দের বিভিন্ন অর্জন সহ কুআ'র বর্তমান কার্যনির্বাহী কমিটির বিভিন্ন উল্লেখযোগ্য কর্মকান্ড প্রতিফলিত হয়েছে।

## নিয়মিত কার্যনির্বাহী কমিটির সভা অনুষ্ঠিত

যে কোন সংগঠনের কার্যক্রম তরান্বিত ও গতিশীল রাখতে নিয়মিত সভা অত্যন্ত গুরুত্বপূর্ণ। বিগত ছয় মাসে (জানুয়ারি -জুন ২০২৪) কুআ কার্যনির্বাহী কমিটি মোট ৪ টি সাধারণ সভা সফলতার সাথে সম্পন্ন করেছে। সভাগুলোতে খুলনা বিশ্ববিদ্যালয় সহ অ্যালামনাই বৃন্দের বিভিন্ন ইস্যু পর্যালোচনা করে সকলের মতামতের ভিত্তিতে উপযুক্ত সিদ্ধান্ত গ্রহণ এবং সেগুলো পর্যায়ক্রমে বাস্তবায়নের জন্য কাজ করছে কুআ।

## যাকাত ফান্ড গঠন

খুবি'তে অধ্যয়নরত গরিব, অসহায় শিক্ষার্থীদের শিক্ষা, চিকিৎসা সহ জনজীবনে হঠাৎ সৃষ্ট বিপর্যয়কর পরিস্থিতিতে সহায়তা প্রদানের জন্য যাকাত ফান্ড গঠন করা হয়েছে, যার আহবায়ক হিসাবে দায়িত্ব পালন করবেন মোঃ আকতার হোসেন, সাধারণ সম্পাদক কুআ কার্যনির্বাহী কমিটি। এই ফান্ড সুষ্ঠু ভাবে পরিচালনার জন্য "খুলনা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশন (কুআ) যাকাত অ্যাকাউন্ট" শিরোনামে একটি চলতি হিসাব খোলার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এই হিসাবে কোন সুদ গ্রহণ করা হবে না এবং সম্পূর্ণ শরীয়াহ মোতাবেক পরিচালিত হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

## গবেষণা সেল গঠন

একটি দেশের উন্নয়নে গবেষণার প্রয়োজন অনস্বীকার্য। আমাদের প্রিয় খুলনা বিশ্ববিদ্যালয়ে শিক্ষার পাশাপাশি প্রথম থেকেই গবেষণার প্রতি গুরুত্ব দিয়ে আসছে। এখানে স্নাতক পর্যায়েই সকল ডিসিপ্লিনে গবেষণা বাধ্যতামূলক এবং আগ্রহ থাকলে শিক্ষার্থীরা স্নাতকোত্তর পর্যায়ে গিয়ে বৃহৎ আকারে গবেষণা করতে পারে। বিশ্বায়নের এই যুগে বিশ্ববিদ্যালয়কে শুধু পাঠদানের মধ্যে সীমাবদ্ধ থাকলেই হবে না, উদ্ভাবনের দিকেও নজর দিতে হবে। এই লক্ষ্যকে সামনে রেখে খুবি'কে 'রিসার্চ ফোকাসড' বিশ্ববিদ্যালয় হিসেবে প্রতিষ্ঠিত করার জন্য বিভিন্ন কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। বিশ্ববিদ্যালয়ের এই প্রচেষ্টাকে সাফল্য মণ্ডিত করতে বর্তমান কুআ কার্যনির্বাহী কমিটি সাহিত্য ও প্রকাশনা সম্পাদক ড. মুন্নুজাহান আরা (বীথি) কে আহবায়ক এবং সহ-সম্পাদক ড. শেখ তারেক আরাফাত (শাওন) কে সদস্য সচিব করে একটি "কুআ গবেষণা সেল" গঠন করেছে। এই গবেষণা সেলের অন্যান্য সদস্যগণ হলেন কুআ কার্যনির্বাহী কমিটির নির্বাহী সদস্য ড. মোঃ নূরুন্নবী, সহসভাপতি মোঃ আনিসুর রহমান, নির্বাহী সদস্য ড. মোঃ নাজমুস সাদাত, ছাত্র বিষয়ক সম্পাদক ড. আহসান হাবীব (শিমুল), নির্বাহী সদস্য ড. মাসুদুর রহমান, অফিস ব্যবস্থাপনা সহ-সম্পাদক ড. সঞ্জয় কুমার চন্দ এবং নির্বাহী সদস্য হাসান জামিল জেনিথ।

## কুআ'র সাহিত্য ও প্রকাশনা কমিটি কর্তৃক প্রকাশিত নিউজ বুলেটিন এর মোড়ক উন্মোচন



কুআ'র সাহিত্য ও প্রকাশনা কমিটি কর্তৃক প্রকাশিত প্রথম নিউজ বুলেটিন এর মোড়ক দুইটি পর্যায়ে উন্মোচন করা হয়েছে। প্রথম পর্যায়ে ৮ই ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ তারিখ বিকাল ৫টায় উপাচার্য প্রফেসর ড. মাহমুদ হোসেন উক্ত নিউজ বুলেটিনটিনের মোড়ক উন্মোচন করেন। এ সময় মাননীয় উপাচার্য কুআ'র উদ্যোগে প্রথমবারের মতো নিউজ বুলেটিন প্রকাশ করায় সম্পাদক সহ এর সাথে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জানান । একই সাথে খুলনা বিশ্ববিদ্যালয়কে একটি রিসার্চ ফোকাসড ইউনিভার্সিটি হিসেবে গড়ে তুলতে অতীতের ন্যায় অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সার্বিক সহযোগিতা প্রত্যাশা করেন। এ সময় আরও উপস্থিত ছিলেন কুআ'র সাহিত্য ও প্রকাশনা সম্পাদক ও নিউজ বুলেটিনের সম্পাদক প্রফেসর ড. মুন্নুজাহান আরা, সহ-সম্পাদক ড. শেখ তারেক আরাফাত, কুআ'র সদস্য প্রফেসর ড. নাজমুস সাদাত, প্রফেসর ড. মো. নাসিফ আহসান, সহযোগী অধ্যাপক রুমানা রহমান, প্রফেসর ড. মাসুদুর রহমান, সঞ্জয় সাহা, মো. আব্দুল্লাহ আল মামুন, মো. শহিদুল ইসলাম, হিমাদ্রী শেখর মন্ডল, টিএম রাফাত রহমান, মাহফুজুর রহমান।

এছাড়াও দ্বিতীয় পর্যায় পরের দিন ৯ই ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ তারিখে ঢাকার মাদানী এভিনিউ শেফ'স টেবিল কোর্ট সাইট মাঠে কুআ আয়োজিত ফুটবল টুর্নামেন্ট ২০২৪এর উদ্বোধনের পর সভাপতি এ জেড এম আনোয়ারুজ্জামান এবং সাধারণ সম্পাদক মোঃ আকতার হোসেনের উপস্থিতিতে নিউজ বুলেটিনের মোড়ক উন্মোচন করা হয়।




এ সময় আরো উপস্থিত ছিলেন খোঃ মাযহাবউদ্দীন পল্লব, মোঃ তাকদিউর রহমান মুকুট, ড. মোঃ আজিজুল হাসান, মোঃ সাথীল ইসলাম (ডলার), ড. মোঃ নাজমুস সাদাত সহ আরো অনেক অ্যালামনাই।


## কুআ কর্তৃক আয়োজিত ফুটবল টুর্নামেন্ট ২০২৪ অনুষ্ঠিত




কুআ কার্যনির্বাহী কমিটির ৩য় সাধারণ সভায় ক্রীড়া ও সাংস্কৃতিক সম্পাদক মোঃ সাথীল ইসলাম (ডলার) ও সহ-সম্পাদক এ.কে.এম. হুমায়ুন কবীর দেওয়ান (স্বপন) কে কুআ'র বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা আয়োজনের দায়িত্ব প্রদান করা হয়। পরবর্তীতে ফুটবল টুর্নামেন্ট ২০২৪ অনুষ্ঠিত হবে মর্মে সিদ্ধান গৃহীত হয় এবং নিম্নলিখিত সদস্যেদের সমন্বয়ে "ফুটবল টুর্নামেন্ট ২০২৪" নামে একটি কমিটি গঠন করা হয়ঃ সহ-সভাপতি মোঃ তানভীর হাসান (আহবায়ক), যুগ্ম সম্পাদক মোঃ মুজাহিদুল ইসলাম (যুগ্ম আহবায়ক), ক্রীড়া ও সাংস্কৃতিক সম্পাদক মোঃ সাথীল ইসলাম (ডলার) (সদস্য) এবং ক্রীড়া ও সাংস্কৃতিক সহ-সম্পাদক এ.কে.এম. হুমায়ুন কবীর দেওয়ান (স্বপন) (সদস্য)। গত ৯ই ও ১০ই ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ তারিখ, দুই দিন ব্যাপী "ফুটবল টুর্নামেন্ট ২০২৪" অনুষ্ঠিত হয় ঢাকার মাদানী এভিনিউ শেফ'স টেবিল কোর্ট সাইট মাঠে। টুর্নামেন্টে মোট ২১ টি ডিসিপ্লিন অংশগ্রহণ করে। এই টুর্নামেন্টের উদ্বোধন করেন কুআ'র সভাপতি এ জেড এম আনোয়ারুজ্জামান এবং সাধারণ সম্পাদক মোঃ আকতার হোসেন।




এই টুর্নামেন্টের ফাইনালে গণিত ডিসিপ্লিন ২-০ গোলে ব্যবসা প্রশাসন ডিসিপ্লিনকে হারিয়ে চ্যাম্পিয়ন শিরোপা অর্জন করে। বিজয়ীদের মধ্যে ক্রেস্ট ছাড়াও টুর্নামেন্টে চ্যাম্পিয়ন টিমের জন্য ৩০,০০০/- এবং রানার আপ এর জন্য ২০,০০০/- টাকা প্রাইজ মানি দেওয়া হয়। উক্ত খেলায় গোল্ডেন বুট, গোল্ডেন বল এবং গোল্ডেন গ্লাভস জিতেছেন গণিত ডিসিপ্লিনের জাকিউল ইসলাম জ্যাক, তরিকুর রহমান রাফি এবং নাইমুর হোসেন সাগর। পুরস্কার বিতরণী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সংগঠনটির সভাপতি এ জেড এম আনোয়ারউজ্জামান, সাধারণ সম্পাদক মোঃ আকতার হোসেন, সহ-সভাপতি মোহাম্মদ তানভীর হোসেন, যুগ্ম সম্পাদক মুজাহিদুল ইসলাম, ক্রীড়া ও সাংস্কৃতিক সম্পাদক মোঃ সাথীল ইসলাম (ডলার), ক্রীড়া ও সাংস্কৃতিক সহ-সম্পাদক এ কে এম হুমায়ুন কবির দেওয়ান (স্বপন), বিগত কমিটির সাধারণ সম্পাদক ফজলে রেজা সুমন এবং ফুটবল টুর্নামেন্টের টাইটেল স্পন্সর বায়োজিনের সিইও জাহিদুর রহমান সহ আরো অনেক অ্যালামনাই।



## মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালিত



খুলনা বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন কর্মসূচির মধ্য দিয়ে যথাযোগ্য মর্যাদায় ২১ শে ফেব্রুয়ারী ২০২৪ খ্রিস্টাব্দ তারিখে মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালিত হয়েছে। দিবসটি উপলক্ষ্যে সকাল ৬.৩০ মিনিটে শহীদ তাজউদ্দীন আহমদ প্রশাসন ভবনের সামনে কালো ব্যাজ ধারণ, জাতীয় পতাকা অর্ধনমিতকরণ ও কালো পতাকা উত্তোলনের পর মাননীয় উপাচার্য প্রফেসর ড. মাহমুদ হোসেন এর নেতৃত্বে প্রভাতফেরি কেন্দ্রীয় শহিদ মিনারে পৌঁছায়। কেন্দ্রীয় শহিদ মিনারে কুআ'র পক্ষ থেকে শ্রদ্ধাঞ্জলি অর্পণ করা হয়। এ সময় কুআ কার্যনির্বাহী কমিটির সাংগঠনিক সম্পাদক মোঃ তাকদিউর রহমান মুকুট, মোঃ শফিকুল আলম (সুজন), ছাত্র বিষয়ক সম্পাদক প্রফেসর ড. আহসান হাবীব (শিমুল), ছাত্র বিষয়ক সহ-সম্পাদক মো. আব্দুল্লাহ আল মামুন, সাহিত্য ও প্রকাশনা সম্পাদক প্রফেসর ড. মুন্নুজাহান আরা (বীথি), সাহিত্য ও প্রকাশনা সহ-সম্পাদক ড. শেখ তারেক আরাফাত (শাওন), নির্বাহী সদস্য ড. মোঃ নাজমুস সাদাত ও মাহামুদুল হাসান (মিল্লাত) সহ অন্যান্য অ্যালামনাই উপস্থিত ছিলেন।

## বেস্ট প্লেয়ার অফ দ্যা টুর্নামেন্ট-কে পুরস্কৃত করা


খুবি'তে অধ্যয়নরত শিক্ষার্থীদের পড়াশুনার পাশাপাশি খেলাধুলায় উৎসাহ প্রদানে প্রথমবারের মত কুআ'র পক্ষ হতে আন্তঃডিসিপ্লিন ক্রিকেট প্রতিযোগিতায় মনোনীত "বেস্ট প্লেয়ার অফ দ্যা টুর্নামেন্ট"-কে নগদ দশ হাজার টাকা প্রদান করা হবে মর্মে ঘোষণা পূর্বেই দেয়া হয়েছিল কুআ'র পক্ষ থেকে। খুলনা বিশ্ববিদ্যালয়ে আন্তঃডিসিপ্লিন ক্রিকেট প্রতিযোগিতা-২০২৪ এর পুরস্কার বিতরণী অনুষ্ঠান খুলনা বিশ্ববিদ্যালয়ে গত ২২শে ফেব্রুয়ারী ২০২৪ খ্রিস্টাব্দ তারিখে অনুষ্ঠিত হয়। এইদিন কুআ কর্তৃক 'বেস্ট প্লেয়ার অফ দ্যা টুর্নামেন্ট' কে প্রাইজমানি প্রদান করা হয় এবং পুরস্কারটি পান স্থাপত্য ডিসিপ্লিনের তুষার সরকার।




এ সময় উপস্থিত ছিলেন মাননীয় উপাচার্য প্রফেসর ড. মাহমুদ হোসেন, ট্রেজারার প্রফেসর অমিত রায় চৌধুরী, রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) প্রফেসর খান গোলাম কুদ্দুস, ছাত্র বিষয়ক পরিচালক (চলতি দায়িত্ব) মোহাম্মদ রকিবুল হাসান সিদ্দিকী, শারীরিক শিক্ষা চর্চা বিভাগের পরিচালক (ভারপ্রাপ্ত) এবং কুআ কার্যনির্বাহী কমিটির ছাত্র বিষয়ক সম্পাদক প্রফেসর ড. আহসান হাবীব, সাহিত্য ও প্রকাশনা সম্পাদক প্রফেসর ড. মুন্নুজাহান আরা (বীথি), নির্বাহী সদস্য মাহামুদুল হাসান (মিল্লাত)সহ আরো অনেকে।

## খুলনা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশন কর্তৃক আয়োজিত দিনব্যাপি বার্ষিক পিকনিক-২০২৩ ও মিলন মেলা অনুষ্ঠিত

অ্যালামনাইদের ব্যস্ত জীবন থেকে একদিনের জন্য প্রশান্তির আলিঙ্গন, বিনোদন ও পারস্পরিক সৌহার্দ্য বৃদ্ধির উদ্দেশ্যে কুআ'র আয়োজনে ১লা মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ তারিখে ফর্টিজ ডাউন টাউন রিসোর্ট, মাদানি এভিনিউ, বড় বেরাইদ, বাড্ডা, ঢাকাতে বাৎসরিক পিকনিক ২০২৩ ও পুনর্মিলনী অনুষ্ঠিত হয়। দুই শতাধিক প্রাক্তন শিক্ষার্থী তাদের পরিবারের সদস্য সহ পাঁচ শতাধিক অংশগ্রহণকারী আনন্দঘন পরিবেশে দিনটি উদযাপন করে। দিনব্যাপী প্রাক্তন শিক্ষার্থী ও তাদের পরিবারের সদস্যদের নিয়ে বিভিন্ন ধরণের প্রতিযোগিতা, স্মৃতিচারণ, আলোচনা, র‍্যাফেল ড্র ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানের আয়োজন করা হয়। সব শেষে মনোজ্ঞ



সাংস্কৃতিক অনুষ্ঠান ও আতশবাজির মধ্য দিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করা হয়।



কুআ কার্যনির্বাহী কমিটির পক্ষ থেকে নিম্নলিখিত সদস্যেদের সমন্বয়ে একটি কমিটি এই আয়োজনের দায়িত্ব পালন করেন: সহ-সভাপতি ড. মো. শফিক-উর রহমান (আহবায়ক), সহ-সভাপতি হোসনে আরা পপি (যুগ্ম আহবায়ক), নির্বাহী সদস্য ড. এ.কে.এম. আক্তারুজ্জমান বসুনিয়া (যুগ্ম আহবায়ক), যুগ্ম আহবায়ক শায়কা ইমাম শান্তা (সদস্য), যুগ্ম সম্পাদক মোঃ মুজাহিদুল ইসলাম (সদস্য), সাংগঠনিক সম্পাদক মোঃ তাকদিউর রহমান মুকুট (সদস্য), মোঃ শফিকুল আলম (সুজন) (সদস্য), মোঃ মতিউর রহমান (মতিন) (সদস্য), নির্বাহী সদস্য খন্দকার মোহাম্মদ আশরাফুল আলম (লিপন) (সদস্য), মুহাম্মদ মোবারক হোসেন (উজ্জ্বল) (সদস্য), নারী বিষয়ক সম্পাদক আসমা হক (কান্তা) (সদস্য) এবং নির্বাহী সদস্য মোঃ শাহীনূর রহমান (কবির) ( সদস্য সচিব)।

## কটকা ট্রাজেডি স্মরণে শোক দিবস পালিত



১৩ই মার্চ ২০২৪ইং তারিখে নানা আয়োজনের মধ্য দিয়ে কটকা ট্রাজেডি স্মরণে পালিত হয় খুলনা বিশ্ববিদ্যালয় শোক দিবস। ২০০৪ সালের এ দিনে সুন্দরবনের কটকা সফরে গিয়ে খুলনা বিশ্ববিদ্যালয়ের স্থাপত্য ডিসিপ্লিনের ৯ জন এবং বুয়েটের ২ জনসহ মোট ১১ জন ছাত্র-ছাত্রী সমুদ্রগর্ভে নিমজ্জিত হয়ে শাহাদতবরণ করেন। সেই থেকে প্রতিবছর দিনটিতে খুলনা বিশ্ববিদ্যালয় শোক দিবস হিসেবে পালন করা হয়। শোক দিবসে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মাহমুদ হোসেন, উপ-উপাচার্য প্রফেসর ড. মোসাম্মাৎ হোসনে আরা, ট্রেজারার প্রফেসর অমিত রায় চৌধুরী, বিভিন্ন স্কুলের ডিন, রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত), স্থাপত্য ডিসিপ্লিন প্রধানসহ বিভিন্ন ডিসিপ্লিন প্রধান, ছাত্র বিষয়ক পরিচালক, প্রভোস্ট ও বিভাগীয় প্রধানসহ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারী এবং অ্যালামনাই অংশ নেন। কুআ'র পক্ষ থেকে শ্রদ্ধাঞ্জলি অর্পণ করা হয়।

## দেশের ১৩টি স্থানে একযোগে কুআ'র উদ্যোগে বার্ষিক দোয়া ও ইফতার মাহফিল অনুষ্ঠিত



কুআ'র কার্যনির্বাহী কমিটির ৪র্থ সাধারণ সভায় নিম্নলিখিত সদস্যেদের সমন্বয়ে বার্ষিক দোয়া ও ইফতার মাহফিল সুষ্ঠুভাবে অনুষ্ঠানের লক্ষ্যে একটি কমিটি গঠন করা হয়ঃ সহ-সভাপতি খোঃ মাযহাবউদ্দীন পল্লব (আহবায়ক), জনসংযোগ সহ-সম্পাদক মোঃ সোহেল সারওয়ার জাহান (সদস্য), নির্বাহী সদস্য রাশেদুল আলম সরকার (রাশেদ) (সদস্য) এবং যুগ্ম সম্পাদক মোঃ মুজাহিদুল ইসলাম (সদস্য সচিব)।





















উক্ত কমিটির তত্ত্বাবধানে দেশে এই প্রথম ১৩ টি স্থানে একযোগে বার্ষিক দোয়া ও ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়ঃ  শিক্ষক ক্লাব সংলগ্ন মাঠ, খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা; বন ভবন মিলনায়তন, আগারগাঁও, ঢাকা; পুলিশ কমিশনারের কার্যালয়, বরিশাল; বিটিভি ক্যাফে, খুলশী, চট্টগ্রাম; আমানা ফানভিলে, সরকার টাওয়ার, কুমারপাড়া, সাহেব বাজার, রাজশাহী; ফুড পার্ক, জয়নুল আবেদিন পার্কে সংলগ্ন, সদর, ময়মনসিংহ; পিজ্জা মিলান রেস্টুরেন্ট, আল-বারাকা শপিং সেন্টার (৩য় তলা), সাতক্ষীরা; হোটেল হাসান এন্টারন্যাশনাল (২য় তলা), মাইকপট্টি, যশোর; সুড়ঙ্গ রেস্তোরাঁ, বিগ বাজারের নিচ তলা, টার্মিনাল রোড, নড়াইল; হোটেল সিগাল, কক্সবাজার; ফুড সাফারি, মকবুল হোসেন প্লাজা, ২৫০ এইচ এস এস রোড, ঝিনাইদহ; রায়হান্স হোটেল, ধাপ পুলিশ ফাঁড়ি, রংপুর এবং হল রুম, মৎস্য বীজ উৎপাদন খামার, নাটোর। প্রতিটি স্থানে অত্যন্ত সুষ্ঠু ও সুন্দর ভাবে আয়োজন অনুষ্ঠিত হয়। উল্লেখ্য, খুবি প্রাঙ্গনে প্রায় ৭০০ জন  অ্যালামনাই দোয়া ও ইফতার মাহফিলে সমবেত হয়েছিলো, যাকে একটি ছোটখাটো পুনর্মিলনী বলা যেতে পারে।

## চ্যারিটি ফান্ড কেইউ'র যাত্রা শুরু

খুবি ছাত্র বিষয়ক পরিচালকের দপ্তর ও ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের ('১৭ ব্যাচ) শিক্ষার্থীদের উদ্যোগে গত ২রা মে ২০২৪ খ্রিস্টাব্দ তারিখে 'চ্যারিটি ফান্ড কেইউ' যাত্রা শুরু করেছে। '১৭ ব্যাচের শিক্ষার্থীরা যখন শিক্ষা সমাপনী অনুষ্ঠান শেষ করে, তখন তারা উদ্বৃত্ত অর্থ কিভাবে শিক্ষার্থীদের কল্যাণে ব্যয় করা যায় তা নিয়ে আলোচনা শুরু করে এবং তাদের এই চিন্তাভাবনা থেকেই পরবর্তীতে খুবি'র চ্যারিটি ফান্ডটি বাস্তবে রূপ নিয়েছে। '১৭ ব্যাচের শিক্ষার্থীরা খুবি'র উপাচার্য প্রফেসর ড. মাহমুদ হোসেন এর কাছে পাঁচ লাখ ষাট হাজার টাকা হস্তান্তরের মাধ্যমে ফান্ডটির আনুষ্ঠানিক যাত্রা শুরু করে। শিক্ষা সমাপনীর উদ্বৃত্ত অর্থের কল্যাণমুখী এই উদ্যোগ বাংলাদেশের বিশ্ববিদ্যালয়ের কালচারে অনন্য।



মাননীয় উপাচার্য প্রফেসর ড. মাহমুদ হোসেন বলেন 'এটি নিঃসন্দেহে অনন্য এক উদ্যোগ'। তিনি দীর্ঘ মেয়াদে এই ফান্ড এর পরিসর বৃদ্ধির জন্য সকলকে এগিয়ে আসার আহ্বান জানান এবং ব্যাংক সহ বিভিন্ন প্রতিষ্ঠানের সাথে কোলাবরেশন সহ নানাধরনের পরামর্শ দেন। ছাত্র বিষয়ক পরিচালক বলেন 'খুবি'র শিক্ষার্থীরা সবসময় ভালো কিছুর সাথে থাকে এবং বারবার তারা সেটা প্রমান করেছে'। ইতোমধ্যে আরো অনেক ব্যাচ এখানে অনুদান প্রদানের ইচ্ছা প্রকাশ করেছে।

## অর্থনীতি ডিসিপ্লিনের রজতজয়ন্তী এবং পুনর্মিলনি অনুষ্ঠিত




গত ২৪শে মে ২০২৪ খ্রিস্টাব্দ তারিখে নানা আয়োজন ও উৎসবমুখর পরিবেশে খুবি'র অর্থনীতি ডিসিপ্লিনের রজতজয়ন্তী এবং পুনর্মিলনি অনুষ্ঠিত হয়েছে। ডিসিপ্লিনের অ্যালামনাই অ্যাসোসিয়েশনের উদ্যোগে দিনব্যাপী এই অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন অনুষ্ঠানের আহ্বায়ক প্রফেসর ড. মোঃ নাসিফ আহসান। শিক্ষকদের মধ্য থেকে বক্তব্য রাখেন প্রফেসর ড. শাহনেওয়াজ নাজিমুদ্দিন আহমেদ, প্রফেসর ড. ফাওজিয়া হামিদ, প্রফেসর ড. জিয়াউল হায়দার এবং ডিসিপ্লিন প্রধান প্রফেসর ড. খান মেহেদি হাসান। অনুষ্ঠানে বিশেষ অথিতি হিসাবে উপস্থিত ছিলেন খুবি ছাত্র বিষয়ক পরিচালক প্রফেসর মোঃ শরিফ হাসান লিমন, কুআ সভাপতি এ জেড এম আনোয়ারুজ্জামান এবং সাধারণ সম্পাদক মোঃ আকতার হোসেন। আলোচনাসভা, স্মৃতিচারণ, সম্মাননা প্রদান, বর্ণাঢ্য র‍্যালি, কালচারাল প্রোগ্রাম, র‍্যাফেলড্র সহ বর্ণিল সাজে সাজান হয়েছিলো খুবি কে। অ্যালামনাইদের পদচারণা আর আড্ডায় মুখরিত ছিলো পুরো ক্যাম্পাস।

## খুবি'র বিভিন্ন ডিসিপ্লিনের নতুন অ্যালামনাই অ্যাসোসিয়েশনের কমিটি গঠন

গত ৯ই মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ তারিখে গণিত ডিসিপ্লিনের অ্যালামনাই অ্যাসোসিয়েশনের নতুন কমিটি গঠিত হয়েছে। মুন্সী শহীদ আনিস ('০১ ব্যাচ)

সভাপতি এবং মো. আব্দুল্লাহ আল মামুন ('০৪ ব্যাচ) সাধারণ সম্পাদক মনোনীত হয়েছেন। এদিকে ১৬ই মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ তারিখে গঠিত বিবিএ ডিসিপ্লিনের নব গঠিত অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সভাপতি হিসাবে ড. মোঃ নূরুন্নবী ('৯২ ব্যাচ) এবং সাধারণ সম্পাদক হিসাবে মোঃ নাইমুল হাসান ('৯৪ ব্যাচ) দায়িত্ব গ্রহণ করেছেন। গত ২৯শে জুন ২০২৪ খ্রিস্টাব্দ তারিখে সমাজবিজ্ঞান ডিসিপ্লিনের নতুন গঠিত অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সভাপতি এবং সাধারণ সম্পাদক হিসাবে নির্বাচিত হয়েছেন যথাক্রমে ড. সঞ্জয় কুমার চন্দ ('০৩ ব্যাচ) এবং মোঃ শহিদুল ইসলাম (শহিদ) ('০৮ ব্যাচ)। নব গঠিত বিভিন্ন ডিসিপ্লিনের অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সকল সদস্যকে কুআ'র পক্ষ থেকে শুভেচ্ছা এবং প্রানঢালা অভিনন্দন।

## সদস্য সংগ্রহ কার্যক্রম

গত ছয় মাসে কুআ'র সাধারণ সদস্য হয়েছেন ১৭০ জন এবং জীবন সদস্য হয়েছেন ২২ জন। জীবন সদস্য যারা হয়েছেন তারা হলেনঃ এস এম আশিকুর রহমান(৯৬০৬১৩), সালাউদ্দিন(৯৬০৬৩২), এস এম একরামুল হক(৯৮০৬২৫), মোঃ হোসেন আলি(০৯০৮১২), ড. মোঃ আজিজুল হাসান(৯৮০৮২১), শাহানা সুলতানা(৯৫০৬০২), কামরুল হাসান(০১০৭১৯), মুহাম্মাদ মুরাদ বিল্লাহ(০১০৪২৪), মোঃ শাফিকুল আলম সুজন(৯৯০৬০২), মোঃ আব্দুল্লাহ আল মামুন(০৪১২৫১), এস এম আসাদুজ্জামান(৯৯০৬১৬), হাসান কাইয়ুম(০০০১১০), সাঈদ মোর্শেদ কামাল(৯৪০৩২৪), বিপ্লব কুণ্ডু(০৭০৫১২), মোঃ মযিরুল ইসলাম(৯৯০৬৩১), মোহাম্মাদ তারেকুল ইসলাম(৯৯০৬২৬), সৌরভ দাস(০৬১৬১৬), অনুপম চক্রবর্তী(০০০১২২), আসিফ ইকবাল(০১০১০৫), আবু ইসমাইল মোঃ মারফ-উল-আহসান(০১০১১৭), রাজিব কান্তি হালদার(৯৫০৩২৪) এবং মোঃ হাফিযুর রহমান শাইখ(০৭১০৩১)। উল্লেখ্য যে, যারা জীবন সদস্য হবেন তাদেরকে কুআ'র আগামী এজিএম এ বিশেষ ভাবে সম্মানিত করা হবে।

## সাফল্যের ইতিকথা

### খুবি অ্যালামনাইদের জাতীয় এবং আন্তর্জাতিক পর্যায়ে উল্লেখযোগ্য অর্জন সমূহঃ

খুলনা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশন খুলনা বিশ্ববিদ্যালয়ের অ্যালামনাইদের দেশে এবং দেশের বাইরে বিভিন্ন অর্জনে অনেক গর্বিত। কুআ অ্যালামনাইদের বিভিন্ন অর্জনে তাদেরকে জানায় প্রাণঢালা অভিনন্দন। উল্লেখ্য যে, আমরা একটি গুগল ফর্মের মাধ্যমে আমাদের অ্যালামনাইদের অর্জনসমূহ প্রকাশের উদ্যোগ গ্রহণ করেছিলাম। কিন্তু পর্যাপ্ত সাড়া না পাওয়ায় কুআ'র ফেইসবুক পেজ থেকে যে তথ্যসমূহ পেয়েছি তাই এখানে প্রকাশ করা হয়েছে। অনিচ্ছাকৃত ভাবে কারো অর্জন এখানে লিপিবদ্ধ না হয়ে থাকলে আমরা আন্তরিকভাবে দুঃখিত এবং আমাদের এই কমিটিকে অপ্রকাশিত 'অর্জনের' তথ্য দিলে পরবর্তী বুলেটিনে প্রকাশিত করা হবে বলে আশা প্রকাশ করছি।

#### বাংলাদেশ পুলিশ পদক (বিপিএম), রাষ্ট্রপতি পুলিশ পদক (পিপিএম)' এবং রাষ্ট্রপতি পুলিশ পদক (পিপিএম)-সেবা

অসীম সাহসিকতা ও বীরত্বপূর্ণ কাজের স্বীকৃতিস্বরূপ বিপিএম, পিপিএম এবং গুরুত্বপূর্ণ মামলার রহস্য উদ্ঘাটন, অপরাধ নিয়ন্ত্রণ, দক্ষতা, কর্তব্যনিষ্ঠা, সততা ও শৃঙ্খলামূলক আচরণের মাধ্যমে প্রশংসনীয় অবদানের স্বীকৃতি স্বরূপ বিপিএম-সেবা এবং পিপিএম-সেবা প্রদান করা হয়।



গত ২২শে ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ তারিখে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের এক প্রজ্ঞাপনে পদক পাওয়া পুলিশ সদস্যদের তালিকা প্রকাশ করা হয়। এবার ২০২২ সালের ১লা ডিসেম্বর থেকে ২০২৪ সালের ১০ই জানুয়ারি পর্যন্ত সময়ের কার্যক্রম অনুযায়ী পুলিশ সদস্যদের এ পদক প্রদান করা হয়। এই তালিকায় আছেন আমাদের সম্মানিত













অ্যালামনাই যারা তাদের কাজের স্বীকৃতি স্বরূপ এই পদক পেয়েছেন এবং তারা হলেন: হায়াতুল ইসলাম খান মামুন (এফডব্লিউটি '৯৪), বিপিএম; শুক্লা সাহা (এফডব্লিউটি '৯৭) পিপিএম-সেবা; জেদান আল মুসা (এফডব্লিউটি '৯৮) পিপিএম-সেবা; শাহারিয়ার আলী পাভেল (এটি'৯৯) বিপিএম; মো: শাহাদত হোসেন সুমন (ইসিই '০২), বিপিএম-সেবা; মোহাম্মদ আসাদুজ্জামান (এটি '০৪), বিপিএম; মো: রাশেদুল ইসলাম (সিএসই '০৪), পিপিএম।

#### এডজান্ট প্রফেসর হিসাবে নিযুক্ত



গত ৯ই এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ তারিখ থেকে ইসিই ডিসিপ্লিনের অধ্যাপক সেহরীশ খান (ইসিই '৯৭) ৫ বছরের জন্য ডি-এইট ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি (ডি-এইট সংগঠনের সাথে অধিভুক্ত), হামেদান, ইসলামিক প্রজাতন্ত্র ইরান এ এডজান্ট প্রফেসর হিসাবে নিযুক্ত হয়েছেন।

#### ইয়ং চেইঞ্জমেকার্স অ্যাওয়ার্ড

ব্রাকের ইয়ুথ প্লাটফর্মের আয়োজনে 'কার্নিভাল অব চেইঞ্জ ২০২৪' গত ২৬-২৮শে এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ তারিখে সাভারের বাংলাদেশ সেন্টার ফর ডেভেলপমেন্ট

ম্যানেজমেন্ট এ অনুষ্ঠিত হয়। এবার মোট ৫ টি প্রকল্পকে 'আমরা নতুন ইয়ং চেইঞ্জমেকার্স অ্যাওয়ার্ড' দেওয়া হয়। খুলনা বিশ্ববিদ্যালয় একদল তরুণ শিক্ষার্থীদের হাতে গড়ে উঠা জলবায়ু পরিবর্তন বিষয়ক সংগঠন 'প্রজেক্ট উজ্জীবন' এবং এই ক্যাটাগরিতে অন্যতম বিজয়ী নির্বাচিত হয়েছে প্রকল্পটি।



এই প্রজেক্টের উদ্যামী ৮ জন উদ্যোক্তার মধ্যে ৬ জন হচ্ছেন খুলনা বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও সাংবাদিকতা ডিসিপ্লিনের '১৯ ব্যাচের ইমন কাজী ও '২০ ব্যাচের মোঃ আকিল খান, পরিসংখ্যান ডিসিপ্লিনের '২১ ব্যাচের মো: ইশতিয়াক আহমেদ সাজিত ও জি. এম. রাকীব, উন্নয়ন অধ্যয়ন ডিসিপ্লিনের '২০ ব্যাচের আরলিন করিম, মৃত্তিকা, পানি এবং পরিবেশ ডিসিপ্লিনের '২১ ব্যাচের কিফায়াত আরা রিফা এবং বাকি ২ জন আজম খান কমার্স কলেজের ব্যবস্থাপনা বিভাগের সুমাইয়া আক্তার এবং সিয়াম বাবু।

## উন্মুক্ত আর্কিটেকচারাল ডিজাইন প্রতিযোগিতা-২০২৩ এ প্রথম



শফিক রহমান (স্থাপত্য '০৭) ও তার দল ঢাকার পূর্বাচল আন্তর্জাতিক কনভেনশন সেন্টারের জন্য ইনস্টিটিউট অফ আর্কিটেক্টস বাংলাদেশ (আইএবি) এবং রাজউক কর্তৃক আয়োজিত 'ওপেন আর্কিটেকচারাল ডিজাইন প্রতিযোগিতা-২০২৩' এ প্রথম স্থান অর্জন করেন। গত ২৮শে এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ তারিখে আইএবি সেন্টার, ঢাকাতে আয়োজিত অনুষ্ঠানে বিজয়ীদের নাম ঘোষণা করা হয়।

## নারী পরিকল্পনাবিদ সম্মাননা



শিক্ষা, গবেষণা, পরিকল্পনা পেশা, উন্নয়ন ব্যবস্থাপনা ও বেসরকারি সেক্টরের বিভিন্ন ক্ষেত্রে নারী পরিকল্পনাবিদদের অবদানকে স্বীকৃতি দেওয়ার উদ্দেশ্যে বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যান্যার্স (বিআইপি) এর উদ্যোগে গত ৫ই মে ২০২৪ খ্রিস্টাব্দ তারিখে 'নারী পরিকল্পনাবিদ এবং নবীন নারী নেতৃত্ব সম্মাননা' শীর্ষক এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। বিআইপির ৫ জন নারী সদস্যকে বিভিন্ন ক্যাটাগরীতে 'নারী পরিকল্পনাবিদ সম্মাননা' ও ১ জন নারী সদস্যকে 'নবীন নারী নেতৃত্ব সম্মাননা' সম্মাননা প্রদান করা হয়। প্ল্যানিং প্র্যাকটিস (বেসরকারি) ক্যাটাগরীতে নিপ্পন কোয়েই বাংলাদেশ লিঃ এর পরিবেশ বিশেষজ্ঞ পরিকল্পনাবিদ আঞ্জুমান আরা রহমান (ইউআরপি '৯৪) এবং ইন্টারন্যাশনাল সেন্টার ফর ক্লাইমেট চেইঞ্জ এন্ড ডেভেলপমেন্ট, বাংলাদেশ এর ইয়ুথ ফেলো পরিকল্পনাবিদ সুমাইয়া নাজ (ইউআরপি '১৮) কে 'নবীন নারী নেতৃত্ব' সম্মাননা প্রদান করা হয়।

## খুবি ভাইস-চ্যান্সেলর অ্যাওয়ার্ড ২০২৩




গত ১২ই মে ২০২৪ খ্রিস্টাব্দ তারিখে গবেষণায় বিশেষ অবদানের স্বীকৃতি স্বরূপ খুবি'র ৪ জন শিক্ষক কে ভাইস-চ্যান্সেলর অ্যাওয়ার্ড -২০২৩ প্রদান করা হয়েছে। সম্মানিত এই ৪ জন শিক্ষকের মধ্যে কুআ'র ২ জন সদস্য এই সম্মানে ভূষিত হয়েছেন এবং তারা হলেন- বিজ্ঞান, প্রকৌশল ও প্রযুক্তিবিদ্যা স্কুলভুক্ত সিএসই ডিসিপ্লিনের প্রফেসর ড. অনুপম কুমার বৈরাগী ('৯৬ ব্যাচ) এবং জীববিজ্ঞান স্কুলভুক্ত ফার্মেসী ডিসিপ্লিনের প্রফেসর ড. শেখ জামাল উদ্দিন ('৯৯ ব্যাচ)।

## জেনইউ ইমাজেন ভেঞ্চারস ইয়ুথ চ্যালেঞ্জ এ চ্যাম্পিয়ন



জাগো ফাউন্ডেশন ট্রাস্ট ও ইউনিসেফ এর জেনারেশন আনলিমিটেড প্রোগ্রাম যৌথভাবে আয়োজিত ইমাজেন ভেঞ্চারস ইয়ুথ চ্যালেঞ্জ বাংলাদেশ পর্বে চ্যাম্পিয়ন হয়েছে খুলনা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের টিম 'স্টর্ম ট্রুপারস'। ২৫শে মে ২০২৪ খ্রিস্টাব্দ তারিখে রাজধানীর আলোকি কনভেনশন সেন্টারে আয়োজিত ইমাজেন ভেঞ্চারস ইয়ুথ চ্যালেঞ্জ কমিউনিটি সল্যুশন পিচ ডে ২০২৩-২৪ অনুষ্ঠানে অংশগ্রহণকারী ২৪টি টিমের মধ্যে চ্যাম্পিয়ন হয় টিম স্টর্ম ট্রুপারস। খুলনা বিশ্ববিদ্যালয়ের দলটির সদস্যরা প্রত্যেকেই '১৯ ব্যাচের শিক্ষার্থী এবং তারা হলেন- ইলেক্ট্রনিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং ডিসিপ্লিনের মাইনুল ইসলাম লাবিব (দলনেতা), মো. রাশেদ জাওয়াদ খান, প্রিন্টমেকিং ডিসিপ্লিনের শাহরিয়ার মাহমুদ, গণযোগাযোগ ও সাংবাদিকতা ডিসিপ্লিনের সাদিয়া আফরিন এবং ঋতু দে।

## রিবা ইন্টারন্যাশনাল অ্যাওয়ার্ড ফর এক্সিলেন্স-২০২৪ এ অর্জন

তিন বছর পরপর বিশ্বের বিশিষ্ট স্থাপত্যকর্মের জন্য রয়্যাল ইনস্টিটিউট অব ব্রিটিশ আর্কিটেক্টস (রিবা) ইন্টারন্যাশনাল অ্যাওয়ার্ড ফর এক্সিলেন্স পুরস্কার দিয়ে থাকে। গত ১২ই জুন ২০২৪ খ্রিস্টাব্দ তারিখে রিবা এই



দফায় পুরস্কারপ্রাপ্তদের নাম ঘোষণা করে এবং মানিকগঞ্জের শিববাড়ী–হিজুলী এলাকায় গড়ে তোলা 'শাহ মোহাম্মদ মহসীন খান দরগাহ'র নকশার জন্য বিশ্বের মর্যাদাপূর্ণ পুরস্কার রিবা ইন্টারন্যাশনাল অ্যাওয়ার্ড ফর এক্সিলেন্স-২০২৪ পেয়েছে বাংলাদেশি প্রতিষ্ঠান 'স্থাপতিক' এবং এ প্রতিষ্ঠানের কর্ণধার স্থপতি মো. শরীফ উদ্দিন আহমেদ (স্থাপত্য '৯৮) ।



গত ছয় মাসে (জানুয়ারী – জুন ২০২৪) কুআ পরিবারের যে সকল সদস্য চিরতরে আমাদেরকে ছেড়ে পৃথিবী থেকে বিদায় নিয়েছেন তাদেরকে হারিয়ে আমরা গভীরভাবে শোকাহত। তাদের বিদেহী আত্মার শান্তি কামনা এবং সেই সাথে তাদের শোক-সন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা ও সহমর্মিতা জ্ঞাপন করছে কুআ পরিবার।



শেখ শরীফুল হাবিব



অরিন্দম পাল



প্রীতম খাঁ



বিশ্বজিৎ বাছাড়

খুলনা বিশ্ববিদ্যালয়ের সিএসই '৯৩ ব্যাচের কৃতি ছাত্র শেখ শরীফুল হাবিব গত ২৫শে এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ তারিখে মৃত্যুবরণ করেন। তিনি ২০২২ এর নভেম্বর পর্যন্ত আন্তর্জাতিক ইসলামি বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম এর সিএসই ডিপার্টমেন্ট এ ফ্যাকাল্টি মেম্বার ছিলেন, এরপর তিনি ঢাকায় সিটি ইউনিভার্সিটি এর কম্পিউটার সায়েন্স ডিপার্টমেন্ট বিভাগীয় প্রধান এর দায়িত্ব পালন করেন।

খুলনা বিশ্ববিদ্যালয়ের গণিত ডিসিপ্লিনের '১৩ ব্যাচের কৃতি ছাত্র অরিন্দম পাল গত ২৭শে এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ তারিখে সড়ক দুর্ঘটনায় মারা গেছেন। তিনি এমএসসি শেষ করে উচ্চ শিক্ষার জন্য প্রস্তুতি নিচ্ছিলেন। তিনি গবেষণাতে নিজেকে নিয়োজিত করতে চেয়েছিলেন। তার প্রায় ২৭ টি গবেষণামূলক প্রবন্ধ প্রকাশিত হয়েছে।

শ্রী প্রীতম খাঁ সিএসই '১৩ ব্যাচের কৃতী শিক্ষার্থী ২২শে জুন ২০২৪ খ্রিস্টাব্দ তারিখে ব্রেইন স্ট্রোক জনিত কারণে মারা গেছেন। তিনি খুবি'র সিএসই ডিসিপ্লিনে খন্ডকালীন শিক্ষক ছিলেন এবং আমেরিকান ইউনিভার্সিটি বাংলাদেশ এর কম্পিউটার সায়েন্স ডিপার্টমেন্টে লেকচারার হিসাবে কর্মরত ছিলেন।

সমাজ ডিসিপ্লিনের '০৪ ব্যাচের শিক্ষার্থী শ্রী বিশ্বজিৎ বাছাড় গত ২৮শে জুন ২০২৪ খ্রিস্টাব্দ তারিখে পারিবারিক প্রোগ্রামে অসুস্থ হয়ে পড়েন এবং হার্ট এ্যাটাক করে মৃত্যু বরণ করেছেন।

## সাহিত্য ও প্রকাশনা কমিটি

বর্তমান কার্যনির্বাহী কমিটির প্রকাশিত দ্বিতীয় নিউজ বুলেটিনটি বাস্তবে রূপ নিয়েছে যাদের মূল্যবান সময়, মেধা এবং প্রচেষ্টায় তারা হলেন:

| | | |
|---|---|---|
| প্রফেসর ড. মুন্নুজাহান আরা (বীথি) | সম্পাদক, সাহিত্য ও প্রকাশনা, কুআ কার্যনির্বাহী কমিটি | সম্পাদক |
| ড. শেখ তারেক আরাফাত (শাওন) | সহ-সম্পাদক, সাহিত্য ও প্রকাশনা, কুআ কার্যনির্বাহী কমিটি | সহ-সম্পাদক |
| মোঃ আনিসুর রহমান | সহ-সভাপতি, কুআ কার্যনির্বাহী কমিটি | সদস্য |
| ড. মোঃ আজিজুল হাসান | জনসংযোগ সম্পাদক, কুআ কার্যনির্বাহী কমিটি | সদস্য |
| এ.কে.এম. হুমায়ুন কবীর দেওয়ান (স্বপন) | ক্রীড়া ও সাংস্কৃতিক সহ-সম্পাদক, কুআ কার্যনির্বাহী কমিটি | সদস্য |
| মাহামুদুল হাসান (মিল্লাত) | নির্বাহী সদস্য, কুআ কার্যনির্বাহী কমিটি | সদস্য |
| প্রফেসর ড. মোঃ নজরুল ইসলাম | শিক্ষক, ফউটে ডিসিপ্লিন, খু.বি | বহিঃসদস্য |

সার্বিক সহায়তা করার জন্য ধন্যবাদ সভাপতি এ জেড এম আনোয়ারুজ্জামান, সাধারণ সম্পাদক মোঃ আকতার হোসেনসহ কুআ'র কার্যনির্বাহী কমিটির সকলকে।

## CONNECT WITH KUAA

KUAA FACEBOOK GROUP

KUAA WEBPAGE

FOR MEMBERSHIP